

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে বিষয়গুলো নির্দেশ দেওয়া হয়েছে, এসব রাতের কিছু অংশে প্রতিপালনের নির্দেশ দেওয়া হয়েছে; পুরো রাত নয়

ذَكَرُ الْبَيَانَ أَنَّ الْأَمْرَ بِهَذِهِ الْأَشْيَاءِ الَّتِي وَصَفْنَاهَا أَمْرٌ بِاسْتِعْمَالِهَا فِي بَعْضِ اللَّيْلِ لَا كَلَهُ

আরবী

1272 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ فِطْرِ بْنِ خَلِيفَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (غَلِقُوا أَبْوَابَكُمْ وَأَوْكُوا أَسْقِيَتَكُمْ وَخَمِّرُوا آيَاتَكُمْ وَأَطْفِئُوا سُرُجَكُمْ فَإِنَّ الشَّيْطَانَ لَا يَفْتَحُ غَلَقًا وَلَا يَحُلُّ وَكَاءً وَلَا يَكْشِفُ غِطَاءً وَإِنَّ الْفُؤَيْسِقَةَ رَبَّمَا أَضْرَمَتْ عَلَى أَهْلِ الْبَيْتِ بَيْنَهُمْ وَكَفُّوا فَوَاشِيَكُمْ وَأَهْلِيكُمْ عِنْدَ غُرُوبِ الشَّمْسِ إِلَى أَنْ تَذْهَبَ فَجْوَةُ الْعِشَاءِ) الرَّاوِي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1272 | خلاصة حكم المحدث: صحيح لغيره دون قوله: ((... مواشيكم)) - ((الصحيحة)) (3454).

বাংলা

১২৭২. জাবির বিন আব্দুল্লাহ রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, “তোমরা দরজা বন্ধ করে দিবে, তোমাদের পানপাত্রগুলোর মুখ বন্ধ করে রাখবে, অন্যান্য পাত্রগুলো ঢেকে রাখবে এবং বাতি নিভিয়ে দিবে। কেননা শয়তান বন্ধ দরজা খুলতে পারে না, বন্ধ পাত্রের মুখ খুলতে পারে না, ঢেকে রাখা পাত্র উন্মুক্ত করতে পারেনা। হুঁদুর কোন কোন সময় (দোয়াত জ্বালিয়ে রাখলে, দোয়াতের ফিতা টেনে নিয়ে) মানুষের ঘরে আগুন লাগিয়ে দেয়। আর তোমরা তোমাদের গবাদি পশু ও পরিবারের লোকদেরকে সূর্যাস্তের সময় থেকে অন্ধকার ঘনীভূত হওয়া পর্যন্ত (বাইরে বের হওয়া থেকে) বিরত রাখবে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/২৩০; মুসনাদ আহমাদ: ৩/৩৯৫; সহীহ মুসলিম: ২০১৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রাহিমাহুল্লাহ হাদীসটির গবাদি পশুর... অংশটুকু বাদে বাকী অংশ সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩৪৫৪।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Source — <https://www.hadithbd.com/hadith/link/?id=90586>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন